# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 21-05-2025 Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অমৃত ভারত স্টেশন প্রকল্পের আওতায় আগামীকাল ১০৩ টি স্টেশন জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। এর মধ্যে ৩ টি পশ্চিমবঙ্গের।

২) সংশোধিত ওয়াকফ আইনের বিরোধিতায় মুর্শিদাবাদের সামশেরগঞ্জে হিংসার ঘটনায় হাইকোর্ট গঠিত কমিটির রিপোর্টে শাসকদলের জড়িত থাকার বিষয়টি উঠে আসায় বিজেপি তীব্র সমালোচনা করেছে।

৩) সীমান্ত ঘেঁষা জেলাগুলিতে জঙ্গী তৎপরতা নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পুলিশকে সতর্ক করে দিয়েছেন।

৪) সিবিআই চিহ্নিত অযোগ্য শিক্ষক ও শিক্ষা কর্মীদের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত কাজে বহাল রাখার আবেদন সুপ্রিম কোর্ট খারিজ করে দিয়েছে। চাকরীহারা শিক্ষকরা সমস্যার সমাধানে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করেছেন।

৫) বিকাশভবনের সামনে চাকরীহারা শিক্ষকদের আন্দোলনে পুলিশের মামলায় কলকাতা হাইকোর্ট অভিযুক্ত দুই শিক্ষক সুদীপ কোনার ও ইন্দ্রজিত মন্ডলকে আগামীকাল সকাল ১০ টার মধ্যে বিধাননগর উত্তর থানায় হাজিরা দিতে নির্দেশ দিয়েছে।

৬) রাজ্যে বেসরকারি পরিবহন সংগঠনের ডাকা বাস ধর্মঘট আপাতত প্রত্যাহার করে নেওয়া হয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল 'অমৃত ভারত স্টেশন' প্রকল্পের আওতায় ১৮ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৬ টি জেলায় নবরূপে সজ্জিত ১০৩ টি স্টেশন, জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। রাজস্থান থেকে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে তিনি এগুলির উদ্বোধন করবেন।

এই স্টেশনগুলির মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গের তিনটি স্টেশন- পুরুলিয়ার জয়চন্ডী পাহাড়, পশ্চিম বর্ধমানের পানাগড় ও নদীয়ার কল্যাণীর ঘোষপাড়া স্টেশন। এছাড়া বাংলার আরও একশোটি স্টেশনের উন্নয়নের কাজ চলছে এই প্রকল্পের অধীনে। কল্যাণী ঘোষপাড়া স্টেশনের উন্নয়নমূলক কাজ নিয়ে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

প্রধানমন্ত্রী বলেছেন, ভারতের রেল পরিকাঠামোর উন্নয়নের ক্ষেত্রে আগামীকাল একটি গুরুত্বপূর্ণ দিন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি বলেন, এই স্টেশনগুলি যোগাযোগ বৃদ্ধির পাশাপাশি দেশের গৌরবময় সংস্কৃতির বিস্তারে সহায়তা করবে।

---

মালদার আদিনা স্টেশনে আজ পণ্য ইয়ার্ড-এর আধুনিকীকরন সহ একাধিক কাজের শিলান্যাস করেন উত্তর মালদার সাংসদ খগেন মুর্মু ।
এই আধুনিকীকরণের জন্য রেলের পক্ষ থেকে চার কোটি ৭৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর অঙ্গ হিসেবে মার্চেন্ট রুম নির্মাণ, আদিনা স্টেশন থেকে গুডস ইয়ার্ড পর্যন্ত ছ'শো মিটার রাস্তার কাজও করা হবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মালদা কেন্দ্রের বিধায়ক গোপাল চন্দ্র সাহা ও রেলের আধিকারিকরা।

---------------------

**প্রধানমন্ত্রী** নরেন্দ্র মোদী আগামী **২৯শে মে** আলিপুরদুয়ারে এক জনসভায় যোগ দেবেন। বিজেপির পক্ষ থেকে জানানো হয়েছে, আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে ওই জনসভা সেরে প্রধানমন্ত্রী সিকিম যাবেন।

প্রধানমন্ত্রীর সফরের আগে আলিপুরদুয়ারে সাংসদ মনোজ টিগ্গা, জেলা বিজেপি নেতারা গতকাল প্যারেড ময়দান পরিদর্শন করেন। খতিয়ে দেখেন প্রস্তুতি। শ্রী টিগ্গা জানান, অপারেশন সিন্দুরের পর প্রধানমন্ত্রী এরাজ্য সফরের জন্য আলিপুরদুয়ারকে বেছে নিয়েছেন।

---------------------

সংশোধিত ওয়াকফ আইনের বিরোধিতায় মুর্শিদাবাদের সামশেরগঞ্জে হিংসার ঘটনায় হাইকোর্ট জমা দেওয়া রিপোর্টে ধুলিয়ান পৌরসভার প্রাক্তন চেয়ারম্যান, তৃণমূল নেতা মেহেবুব আলমের সরাসরি জড়িত থাকার বিষয়টি উঠে এসেছে। ঐ ব্যক্তির সরাসরি নির্দেশে হিংসা ও চূড়ান্ত অশান্তি হয়েছে। এমন কি স্থানীয় তৃণমূল কংগ্রেসের বিধায়কের উপস্থিতিও ছিলো বলে দাবি করা হয়েছে ওই রিপোর্টে। আগেই বিজেপির রাজ্য সভাপতি ড : সুকান্ত মজুমদার ও রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দাবি করেছিলেন মেহেবুব সহ আরও কয়েকজন তৃণমূল নেতার প্রত্যক্ষ মদতে ধুলিয়ান, জাফরাবাদ, বেতবোনা, দিঘড়ী প্রভৃতি গ্রামে হিংসা ছড়ায়। খুন হন পিতাপুত্র হরগোবিন্দ দাস ও চন্দন দাস। ৪০০ হিন্দু পরিবার ঘর ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হন। কার্যত তাদের দাবিকেই মান্যতা দিলো হাইকোর্টের গঠন করা কমিটি। জাতীয়

মানবাধিকার কমিশনের আইন বিভাগের রেজিস্ট্রার যোগিন্দর সিং, রাজ্য আইনী পরিষেবা কর্তৃপক্ষের সদস্য সত্য অর্নব ঘোষাল ও পশ্চিমবঙ্গ জুডিশিয়াল সার্ভিসের রেজিস্ট্রার সৌগত চক্রবর্তীকে নিয়ে গঠিত ৩ সদস্যের প্রতিনিধি দল এই পূর্ণাঙ্গ রিপোর্ট জমা দিয়েছেন। এদিকে এখনও থমথমে সামশেরগঞ্জের জাফরাবাদ বেদবোনা গ্রামে হাইকোর্টের নির্দেশে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বাহিনী না সরানোর নির্দেশে খানিক স্বস্তিতে আছে আক্রান্ত পরিবার গুলি। পরবর্তী শুনানি হবে আগামী ৩১ জুলাই।

---------------------

মুর্শিদাবাদে সাম্প্রদায়িক অশান্তি নিয়ে মুখ্যমন্ত্রী রাজ্যবাসীকে অসত্য বলছেন বলে বিজেপি অভিযোগ করেছে। বালুরঘাটে আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, এই ঘটনার তদন্তে আদালতের নির্দেশে যে কমিটি তৈরি করা হয়েছিল, তারা ইতোমধ্যেই রিপোর্ট পেশ করেছে। বহিরাগতরা এসে অশান্তি করেছে বলে মুখ্যমন্ত্রী দাবি করলেও তার সারবত্তা নিয়ে প্রশ্ন তুলেছেন সুকান্ত বাবু। বরং স্থানীয় এক তৃণমূল কাউন্সিলার ঐ দুষ্কৃতীদের নিয়ে এসেছিলেন বলে রিপোর্টে প্রকাশ পেয়েছে।

বাইট

---------------------

রাজ্যের সীমান্তঘেঁষা জেলাগুলিতে জঙ্গি তৎপরতা নিয়ে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী মমতা ব্যানার্জি পুলিশকে সতর্ক করে দিয়েছেন। আজ উত্তর কন্যায় প্রশাসনিক বৈঠকে এ ব্যাপারে পুলিশের ভূমিকায় ক্ষোভ প্রকাশ করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, আগে পুলিশ

একাধিকবার এলাকায় টহল দিতো, ফলে আস্থা বাড়তো মানুষের মনে। সীমান্ত রক্ষার দায় শুধুমাত্র বিএসএফের উপর চাপিয়ে পুলিশের স্থানীয় কর্তাদের চোখ কান খোলা রাখার পরামর্শ দেন মুখ্যমন্ত্রী। তিনি আরো বলেন আসাম সহ অন্যান্য রাজ্য এমনকি ভিনদেশ থেকেও অবাঞ্ছিত ব্যক্তিরা রাজ্যে ঢুকছে। তারা নানা অজুহাতে ভোটার কার্ড আধার কার্ডের মতো নথিপত্র মানুষের কাছ থেকে সংগ্রহ করছে। এ ব্যাপারে সকলকে, সতর্ক থাকতে তিনি নির্দেশ দিয়েছেন। মালদহ-ডায়মন্ড হারবার-কলকাতায় একাধিক সন্দেহভাজন ব্যক্তি গ্রেপ্তার হওয়ার কথা উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, কোনভাবে যেন রাজ্যে জঙ্গি অনুপ্রবেশ না ঘটে সে ব্যাপারে সকলকে সতর্ক থাকতে হবে।

বাইট

---------------------

পহেলগাঁওতে জঙ্গী হানার পাল্টা জবাব অপারেশন সিন্দুরের মাধ্যমে দেওয়া হয়েছে বলে মনে করেন চিত্র পরিচালক শর্মিষ্ঠা মাইতি।

বাইট

---------------------

সিবিআই চিহ্নিত যোগ্য শিক্ষকদের মতই তাদেরও ৩১ শে ডিসেম্বর পর্যন্ত কাজে বহাল রাখার অযোগ্য চিহ্নিত শিক্ষকদের আবেদন সুপ্রিম কোর্ট খারিজ করে দিয়েছে। তাদের নতুন পরীক্ষায় বসার সুযোগ দেওয়ার আবেদনটিও খারিজ হয়ে গেছে। বিষয়টি নিয়ে একাধিক শিক্ষক ও শিক্ষাকর্মী শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিলেন। বিচারপতি সঞ্জয় কুমার এবং বিচারপতি কে ভি বিশ্বনাথনের বেঞ্চে আজ শুনানি হয়। প্রাক্তন প্রধান

বিচারপতি সঞ্জীব খান্নার বেঞ্চ যে নির্দেশ দিয়েছিল, সেটিকে বহাল রেখেছেন বিচারপতিরা।

উল্লেখ্য, গত তেসরা এপ্রিল শীর্ষ আদালতের রায়ে ২৫ হাজার ৭৫২ জন শিক্ষক-অশিক্ষক কর্মীর নিয়োগ বাতিল হয়। এরমধ্যে ৬ হাজারের বেশি জনকে সিবিআই রিপোর্টের ভিত্তিতে সরাসরি অযোগ্য বলে চিহ্নিত করা হয়েছিল।

----------------------

চাকরিহারা শিক্ষকরা তাদের সমস্যার সমাধানে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ চেয়েছে। তাদের একটি প্রতিনিধিদল আজ সল্টলেকে বিজেপির কার্যালয়ে গিয়ে এই আর্জি জানান। বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সঙ্গে তাদের সাক্ষাৎ না হলেও চাকরিহারারা প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বিজেপি নেত্রী দেবশ্রী চৌধুরীর সঙ্গে দেখা করেন। তাদের এই বার্তা প্রধানমন্ত্রীর কাছে পৌঁছে দেওয়া হবে বলেও আশ্বাস দিয়েছেন তিনি। চাকরি বাঁচানোর জন্য তাঁরা কেন্দ্রীয় হস্তক্ষেপ চান বলে চাকরিহারা এক শিক্ষক জানিয়েছেন।

বাইট

এর আগে বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, শিক্ষকদের আন্দোলনকে স্তব্ধ করে দেবার জন্য শাসক দল চেষ্টা করছে।

বিকাশ ভবনের সামনে চাকরিহারা যোগ্য শিক্ষকদের আন্দোলনে পুলিশের অতিসক্রিয়তার অভিযোগের মামলায় চাকরিহারা শিক্ষক সুদীপ কোনার ও ইন্দ্রজিৎ মণ্ডলকে আগামীকাল সকাল ১০ টার মধ্যে বিধাননগর উত্তর থানায় হাজিরা দিতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট । তবে তাদের বিরুদ্ধে পুলিশ কোন কঠোর পদক্ষেপ করতে

পারবে না। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ আজ এই মৌখিক নির্দেশ দিয়েছেন। বিচারপতি ঘোষ এদিন পুলিশের কাছে কেস ডাইরি তলব করার পাশাপাশি আন্দোলনকারী শিক্ষকদের প্রস্তাব দিয়েছেন ৫০ থেকে ১০০ জন করে রোটেশন অনুযায়ী সেন্ট্রাল পার্কের ভিতরে শান্তিপূর্ণ আন্দোলন করার। আগামীকাল বিকেল চারটের সময় এই মামলার ফের শুনানি।

এদিকে বিকাশ ভবন ঘেরাও কর্মসূচিতে গোলমালের অভিযোগে কয়েকজন চাকরিহারা শিক্ষককে শোকজ করেছে মধ্যশিক্ষা পর্ষদ। গত বৃহস্পতিবার বিকাশ ভবন ঘেরাও কর্মসূচিতে সরকারি সম্পত্তি নষ্ট ও সরকারি কর্মচারীদের দীর্ঘক্ষন অফিসে আটকে রাখার অভিযোগ উঠেছিল আন্দোলনকারীদের বিরুদ্ধে। ওই ঘটনায় কয়েকজনকে চিহ্নিত করে তাঁদের আচরণের জন্য জবাবদিহি চেয়ে চিঠি পাঠানো হয়েছে। সাত দিনের মধ্যে এর জবাব দিতে বলা হয়েছে বলে খবর। ওই ঘটনায় ইতমধ্যেই পুলিশ বেশ কয়েকজন আন্দোলনকারীকে ডেকে পাঠিয়েছিল। আইনজীবীদের পরামর্শ নিয়ে তারা থানায় হাজিরা দেওয়ার বিষয়টি বিবেচনা করবেন বলে আন্দোলনকারী শিক্ষকরা জানিয়েছেন।

---------------------

পুলিশের তলবে বিধননগর উত্তর থানায় এখন হাজিরা দিয়েছেন চাকরিহারা চার শিক্ষক। গত বৃহস্পতিবার বিকাশভবন ঘেরাও কর্মসূচীতে সরকারি সম্পত্তি নষ্ট এবং সরকারি কর্মীদের কাজে বাধাদানের অভিযোগ করেছেন শিক্ষককে তলব করেছিল পুলিশ।

---------------------

রাজ্যে বেসরকারী পরিবহণ সংগঠনের ডাকা বাস ধর্মঘট, আপাতত প্রত্যাহার করে নেওয়া হয়েছে। সাতটি পরিবহন সংগঠনের ডাকা তিনদিনের এই ধর্মঘট, আগামীকাল শুরু হওয়ার কথা ছিল।

কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা ও পরিবহন সচিব সৌমিত্র মোহনের সঙ্গে বাস মালিকদের সংগঠন লালবাজারে আজ আবারো বৈঠকে বসেন। তারপরেই বাস মালিক সংগঠনগুলি, সেপ্টেম্বর পর্যন্ত ধর্মঘট স্থগিত রাখার কথা ঘোষণা করে।

এব্যাপারে রাজ্যের পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী বলেন, রাজ্য সরকার দাবি দাওয়াগুলির বেশ কিছু মেনে নিয়েছে।

বাইট

এদিকে, জয়েন্ট কাউন্সিল অফ বাস সিন্ডিকেটের সাধারণ সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় বলেন, বৈঠকের প্রেক্ষিতে সেপ্টেম্বর মাস পর্যন্ত ধর্মঘট স্থগিত রাখা হল। তবে, তার মধ্যে দাবী পূরণ না হলে, ফের ধর্মঘটে সামিল হওয়ার'ও হুশিয়ারি দিয়েছে তারা।

বাস ধর্মঘট প্রত্যাহার করে নেওয়ায়, নিত্য যাত্রীরা স্বস্তি পেলেন।

---------------------

ডেঙ্গি প্রতিরোধে রাজ্যের গ্রামীণ এলাকায় আবর্জনা চিহ্নিতকরণ ও কেন্দ্রীয়ভাবে নজরদারির জন্য রাজ্য পঞ্চায়েত দফতর বিশেষ পোর্টাল চালু করেছে। এই পোর্টালের মাধ্যমে প্রতিটি গ্রাম পঞ্চায়েতে কোথায় আবর্জনার স্তূপ জমেছে, তা জিও-ট্যাগিং করে ম্যাপ তৈরি করা হবে। এরপর সেইসব স্থানে দ্রুত সাফাই নিশ্চিত করতে কেন্দ্রীয়ভাবে পর্যবেক্ষণ চালাবে রাজ্য পঞ্চায়েত দফতর। নির্ধারিত সময়ের মধ্যে কাজ না-হলে পোর্টালের মাধ্যমেই বিষয়টি রাজ্যস্তরের কর্তাদের নজরে আনা হবে বলে দফতর সূত্রে

জানা গেছে। পাশাপাশি বর্ষায় ডেঙ্গি ও অন্যান্য মশাবাহিত রোগের বাড়বাড়ন্ত রুখতে ২৬ মে থেকে বিশে জুলাই পর্যন্ত পঞ্চায়েত স্তরে বিশেষ সাফাই অভিযান শুরু হচ্ছে। এই ৫৬ দিনের কর্মসূচিকে ১৪ দিনের চারটি ধাপে ভাগ করা হয়েছে। প্রতিটি ধাপে মশার সম্ভাব্য মশার প্রজননস্থলগুলিকে একাধিকবার সাফাই করা হবে।

---------------------

কেন্দ্রীয় সরকারের এক পেঢ় মা কে নাম বা একটি গাছ মায়ের নামে বৃক্ষরোপণ কর্মসূচিতে রাজ্যের স্বনির্ভর গোষ্ঠীগুলিকে সামিল করা হচ্ছে। আগামী ৫ জুন বিশ্ব পরিবেশ দিবসের দিন থেকে রাজ্যের ১০ টি পুরসভায় বিশেষ বৃক্ষরোপণ অভিযান শুরু হবে। পুরসভা এলাকা গুলিকে এই কাজের জন্য সরকারি জায়গা চিহ্নিত করতে বলা হয়েছে । স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের সেই গাছগুলি পরিচর্যা করার দায়িত্ব দেওয়া হবে বলেও সিদ্ধান্ত নেওয়া হয়েছে । গাছ রোপণের পর স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের আগামী দু'বছর পরিচর্যার কাজের জন্য আর্থিক সহায়তা দেওয়া হবে। আম্রুত প্রকল্পের আওতায় উইমেন ফর ট্রি নামে এক কর্মসূচি নেওয়া হয়েছে। তার মাধ্যেমেই ওই মহিলাদের গাছের পরিচর্যার দ্বায়িত্ব দেওয়া হবে বলে পুর ও নগরোন্নয়ন দফতর সূত্রে জানা গেছে।

---------------------

দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর ৩৫ তম প্রয়াণ দিবস আজ রাজ্য তথা দেশ জুড়ে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে। পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস, দিনটি আত্মবলিদান দিবস হিসেবে উদযাপন করছে। কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে রাজীব গান্ধীর প্রতি শ্রদ্ধা জানাতে স্বেচ্ছায় রক্তদান শিবির সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। দেশ গঠনে শ্রী গান্ধীর ভূমিকার কথাও আজ স্মরণ করা হচ্ছে।

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে মহিলা কলেজের সামনে আজ জেলা কংগ্রেসের তরফে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উল্লেখ্য, **১৯৯১** সালের **২১** শে মে শ্রী পেরুমবুদুরে এক এলটিটিই সদস্যের আত্মঘাতী বোমা বিস্ফোরণে নিহত হন রাজীব গান্ধী।

--------------------- ---------------------